

১৫৫

004

# ঢাকা ভার্সিটি তদন্ত কমিটির রিপোর্ট জগন্নাথ হল দুর্ঘটনাঃ ঠিকাদার দায়ী

(স্টাফ রিপোর্টার)  
জগন্নাথ হল দুর্ঘটনার জমা  
ঢাকা বিশ্ববিদ্যালয় তদন্ত কমিটি  
প্রধানত ঠিকাদারকে দাশী করেছে।  
নির্মাণ কাজে দায়িত্বপ্রাপ্ত ঠিকাদার  
এ কাজের উপযোগী ছিলেন  
না বলে তদন্ত কমিটির রিপোর্টে  
উল্লেখ করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক  
সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল বলা  
হয়ঃ গত ১৫ই অক্টোবর রাতে  
জগন্নাথ হল মিলনায়তনে সংঘ-  
টিত দুর্ঘটনা সম্পর্কে তদন্ত  
করার জন্য বিশ্ববিদ্যালয় সিন্ডি-  
কেট কর্তৃক গঠিত তদন্ত কমি-  
টির রিপোর্ট সেমবার অনুষ্ঠিত  
সিন্ডিকেট সভায় পর্যালোচনার  
পর গৃহীত হয়। সিন্ডিকেট  
সভায় তদন্ত কমিটি কর্তৃক  
চিহ্নিত বিষয়াদী সম্পর্কে ব্যবস্থা  
গৃহণের জন্য ভাইস-চ্যান্সেলর  
প্রফেসর মোহাম্মদ শামসুল হককে  
ক্ষমতা দেয়া হয়।  
(শেষ পৃঃ ৮-এর কঃ দঃ)

## ঠিকাদার দায়ী

(১ম পৃঃ পর)  
তদন্ত কমিটি দুর্ঘটনার স্থান  
পরিদর্শন, হল প্রশাসনের সঙ্গে  
জড়িত এবং বিশ্ববিদ্যালয় প্রকৌ-  
শল দফতরের ব্যক্তিবর্গ, ঠিকা-  
দার, আহত ছাত্র, জগন্নাথ হলের  
অবাসিক ছাত্র এবং মেচওয়ার  
সাক্ষ্য দিতে আগ্রহী ব্যক্তিদের  
সাক্ষাৎকার, সংশ্লিষ্ট নথিপত্র  
পরীক্ষা প্রভৃতি পদ্ধতির মাধ্যমে  
তদন্তের কাজ পরিচালনা করে  
এবং মোট ৯টি সভায় মিলিত  
হয়ে প্রতিবেদন চূড়ান্ত করে।  
প্রতিবেদনে তদন্ত কমিটি  
অর্থাৎ বিষয়ে মতামত প্রকাশ  
করেছে। এতে বলা হয়, জগ-  
নাথ হল মিলনায়তনের ঘটনাটি  
একটি দুর্ঘটনা। তবে যথেষ্ট  
সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ না  
করতে এটি ঘটেছে। এর দায়-  
দায়িত্ব প্রধানত ঠিকাদারের। যে  
ঠিকাদারকে এ কাজ দেয়া হয়ে-  
ছিল তিনি এই কাজের উপযোগী  
নন।

দুর্ঘটনার জন্য বিশ্ববিদ্যালয়  
প্রকৌশল দফতরের কতিপয় কর্ম-  
কর্তা ও কর্মচারীর দায়িত্ব পালনে  
শৈথিল্য এবং হল কর্তৃপক্ষের  
দুঃখজনক উদাসীনতা পরিলক্ষিত  
হয়েছে বলেও কমিটি মন্তব্য  
করে।

অপর এক মন্তব্যে কমিটি বিশ্ব-  
বিদ্যালয়ের অর্থ সংকটের কথা  
উল্লেখ করে। এতে বলা হয়,  
অর্থ সংকটের জন্য সমরোপ-  
যোগ্য যথেষ্ট মেরামত কাজ গৃহণ  
করা সম্ভব হয়নি। প্রকৃতপক্ষে  
গত কয়েক বছরে বিশ্ববিদ্যালয়  
সরকারের কাছ থেকে রাজস্ব ও  
উদ্বলন খাতের যে অর্থ পেয়েছে  
তা প্রয়োজনের তুলনায় খুবই অল্প।  
সরকারী কমিটি

জগন্নাথ হল দুর্ঘটনার কারণ  
অনুসন্ধানের জন্য সরকার গঠিত  
তদন্ত কমিশন তার রিপোর্ট প্রসার-  
নের কাজ শেষ করেছে। বিশ্বস্ত  
সংস্করণ